অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/26/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

যেকোনো সময়ে আঘাত হানতে প্রস্তুত ঝড় ছুটির দিনের ভ্রমণ ব্যাহত করার সম্ভাবনা থাকায় গভর্নর কুউমো সাবধানতা অবলম্বনের আহ্বান জানিয়েছেন

অধিকাংশ স্টেটের জন্য বুধবার ভোরে শুরু হওয়া তুষারপাত, বৃষ্টি ও তীব্র বায়ুপ্রবাহের পূর্বাভাস দেয়া হয়েছে

ওয়েস্টার্ন নিউ ইয়র্কে ঘন্টায় 60 মাইল বেগে দমকা বাতাসের সম্ভাবনা রয়েছে, ঘন্টায় 40 মাইল বেগের সম্ভাবনা রয়েছে নিউ ইয়র্ক সিটি এবং নর্থ কান্ট্রিতে

গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো আজ নিউ ইয়র্কবাসীকে ঝড়ের জন্য প্রস্তুত থাকতে আহ্বান জানিয়েছেন যেটি স্টেটের বেশিরভাগ অংশে তুষারপাত, বৃষ্টিপাত এবং তীব্র বায়ুপ্রবাহ বয়ে আনবে এবং বুধবার ভোরের দিকে শুরু হবে আর থ্যাঙ্কসগিভিং ছুটি জুড়ে স্থায়ী হবে। জাতীয় আবহাওয়া পরিষেবা (National Weather Service) ইতোমধ্যেই লেক এরি ও লেক অন্টারিও ধরে হ্রদতীরবর্তী বন্যার বিপদসঙ্কেতের পাশপাশি ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং ফিঙ্গার লেক অঞ্চলের জন্য তীব্র বায়ুপ্রবাহের বেশ কয়েকটি বিপদসঙ্কেত জারি করেছে।

"তাপমাত্রা কমে যাওয়ার আশঙ্কা করা হচ্ছে এবং সামনের দিনগুলোতে স্টেটের বেশিরভাগ অঞ্চলে বাতাস তীব্র হবে, যার ফলে প্রধান সড়ক ও সংসরণগুলোয় গাড়ি চালানো কঠিন হবে," **গভর্নর কুওমো বলেন।** "আমাদের স্টেট কর্মী এবং সংস্থান প্রয়োজন অনুযায়ী সাহায্যের জন্য প্রস্তুত এবং আমি পরবর্তী কয়েক দিন ভ্রমণ করার পরিকল্পনা করছেন এমন সকল নিউ ইয়র্কবাসীর জন্য নিরাপদ এবং আনন্দমুখর থ্যাঙ্কসগিভিং নিশ্চিত করার উদ্দেশ্যে অতিরিক্ত সতর্কতা অবলম্বন করার আহ্বান জানাচ্ছি।"

ওয়েস্টার্ন নিউ ইয়র্কে ঘন্টায় সর্বোচ্চ 60 মাইল, ফিঙ্গার লেক অঞ্চলে ঘন্টায় 50 মাইল এবং নর্থ কান্ট্রিতে ঘন্টায় 40 মাইল বেগে দমকা হাওয়া সহ, শীতল বায়ুকে সামনে রেখে বুধবার সকালে দমকা বৃষ্টি স্টেটের দিকে সরে আসার পূর্বাভাস দেয়া হয়েছে যা স্টেটের বেশিরভাগ স্থানে ঝড়ো পরিস্থিতি নিয়ে আসবে। শীতল বাতাসের পেছনে, বৃহস্পতিবার পর্যন্ত বিক্ষিপ্তভাবে জোরালো তুষারপাতের সম্ভাবনা রয়েছে। পশ্চিম থেকে স্টেটের দিকে আরেকটি শীতল বাতাস আসতে থাকার কারণে সপ্তাহ শেষে, বৃষ্টি এবং তুষারপাতের আরও একটি সম্ভাবনা থাকবে। সপ্তাহ শেষে কিছুটা কমে যাওয়ার পূর্বে পরবর্তী বেশ কয়েকদিন ধরে স্টেট জুড়ে তাপমাত্রা গড়পড়তার নিচে থাকবে।

আবহাওয়া পর্যবেক্ষণ, সতর্কীকরণ, উপদেশ এবং সর্বশেষ পূর্বাভাসের সব খবরাখবরের জন্য, ন্যাশনাল ওয়েদার সার্ভিস (National Weather Service)-এর ওয়েবসাইট পরিদর্শন করুন।

এজেন্সির প্রস্তুতি

ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন

ওয়েস্টার্ন নিউ ইয়র্কের 526 জন সহ, স্টেট জুড়ে 3,517 জন সুপারভাইজর এবং অপারেটর সহ পরিবহণ দপ্তর (Department of Transportation) সহায়তার জন্য প্রস্তুত। ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, ফিঙ্গার লেক, এবং সাউদার্ন টায়ার অঞ্চলের আঞ্চলিক ব্যবস্থাপকদের বাতাসের ক্ষয়ক্ষতির সম্ভাবনার কথা জানানো হয়েছে। সম্ভাব্য ক্ষতিগ্রস্ত এলাকার ফিল্ড কর্মীরা বাতাসের প্রতিক্রিয়া মোকাবেলার সরঞ্জাম প্রস্তুত করছে এবং এই ঘটনা জুড়ে পরিস্থিতি মোকাবেলা করার জন্য প্রস্তুত থাকবে।

সমস্ত বাতাস পরিস্থিতি মোকাবেলার যন্ত্রপাতি মোতায়েন করার জন্য প্রস্তুত করা হয়েছে, যার মধ্যে রয়েছে:

- 1592 বড় ডাম্প ট্রাক (210 ওয়েস্টার্ন নিউ ইয়র্ক)
- গ্র্যাপেল সহ 48টি লোডার (6টি ওয়েস্টার্ন নিউ ইয়র্ক)
- 33টি ট্র্যাক্টর ট্রিলার w/ লোবয় (5টি ওয়েস্টার্ন নিউ ইয়র্ক)
- 15টি ট্রি ক্রু বাকেট ট্রাক (1টি ওয়েস্টার্ন নিউ ইয়র্ক)
- 39টি ট্রাফিক সিগন্যাল ট্রাক (7টি ওয়েস্টার্ন নিউ ইয়র্ক)
- 74টি চিপার (7টি ওয়েস্টার্ন নিউ ইয়র্ক)

থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority)

সমগ্র স্টেট জুড়ে থ্রুওয়ে অথোরিটির 684 জন সুপারভাইজার ও অপারেটর আছে যারা আবহাওয়া-সম্পর্কিত যেকোনো ঘটনা মোকাবেলায় 217টি বড় স্নো প্লাও, 105 টি মাঝারি স্নো প্লাও, 10টি টো প্লাও এবং 62 টি লোডার কাজে নিয়োজিত করতে এবং 122,000 টনেরও বেশি রাস্তার লবণ প্রয়োগ করতে প্রস্তুত। উপরন্তু, থ্রুওয়ে, ছোট থেকে মাঝারি আকারের এক্সক্যাভেটর, বেশ কিছু বহনযোগ্য VMS বোর্ড, বহনযোগ্য লাইট টাওয়ার, ছোট জেনারেটর, ছোট পাম্প এবং সরঞ্জাম টানার ট্রেলার এবং যেকোনো ধরনের পথ ঘোরানো বা বন্ধের জন্য ট্রাফিক সাইন ও অন্যান্য ট্রাফিক নিয়ন্ত্রণ যন্ত্র নিয়ে প্রস্তুত রয়েছে। থ্রুওয়েতে শীতের আবহাওয়া অবস্থার ব্যাপারে মোটরচালকদের সতর্ক করতে বৈচিত্র্যময় বার্তা চিহ্ন, হাইওয়ে সতর্কতা রেডিও এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

এছাড়াও থ্রুওয়ে অথোরিটি মোটর চালকদের তাদের মোবাইল অ্যাপ্[ডাউনলোড করতে উৎসাহিত করে যা iPhone ও Android ডিভাইসের জন্য বিনামূল্যে উপলভ্য। অ্যাপটি মোটরযান চালকদের

প্রকৃত-সময়ে ট্রাফিক এবং দিক-নির্দেশনা সহায়তা লাভের সরাসরি সুযোগ প্রদান করে। এছাড়াও মোটর চালকরা ইমেইলের জন্য সাইন আপ করতে পারেন যা সমগ্র থ্রুওয়ে জুড়ে সর্বশেষ ট্রাফিক পরিস্থিতির তথ্য প্রদান এখানে।

ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC)

DEC পরিবেশ সংরক্ষণ পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স, আপৎকালীন ব্যবস্থাপনা কর্মী এবং অঞ্চলের কর্মীরা সতর্ক আছেন এবং পরিস্থিতির পর্যবেক্ষণ করছেন এবং তীব্র বায়ুপ্রবাহ সহ, গুরুতর আবহাওয়ায় আক্রান্ত হতে পারে এমন এলাকা ও অবকাঠামোগুলোকে সক্রিয়ভাবে টহল দিচ্ছেন। দ্রুততার সাথে পানি থেকে উদ্ধার এবং করাত ক্রু দল সহ সমস্ত উপলব্ধ প্রয়োজনীয় জিনিসপত্র গাছ পরিষ্কার এবং পরিস্থিতি মোকাবেলার প্রয়োজনে সহায়তা করার জন্য কৌশলগতভাবে অবস্থান করছে। এছাড়াও, ইউটিলিটি যানবাহনসহ সকল উপলভ্য সম্পদ যেকোনো জরুরি পরিস্থিতি মোকাবেলায় সহায়তা করতে প্রস্তুত রয়েছে।

জনসেবা অধিদপ্তর (Department of Public Service)

নিউ ইয়র্ক স্টেট জুড়ে ক্ষয়ক্ষতি মূল্যায়ন, পরিস্থিতি মোকাবেলা ও পুনরুদ্ধারের উদ্দেশ্যে নিয়োজিত করার জন্য নিউ ইয়র্ক ইউটিলিটির বর্তমানে প্রায় 4,500 জন শ্রমিক রয়েছে। পাবলিক সার্ভিস দপ্তরের (Department of Public Service) কর্মীরা ঝড়ের ঘটনার সময় ইউটিলিটির উদ্যোগের নজরদারি করবে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police)

নিউ ইয়র্ক স্টেট পুলিশ প্রয়োজন অনুসারে মোতায়েনের জন্য সকল 4x4, উচ্চ-এক্সেল যানবাহন এবং নৌকা সহ সম্পদ প্রস্তুত করেছে। টহল দেওয়ার সময় পানি বৃদ্ধির জন্য উচ্চ সতর্কতা এবং বন্যা প্রবণ এলাকার উপর গভীরভাবে নজর রাখার জন্য ট্রুপারদের নির্দেশনা প্রদান করা হয়েছে।

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিস (Office of Parks, Recreation and Historic Preservation)

নিউ ইয়র্ক স্টেট অফিস অফ পার্ক (New York State Office of Parks), বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণের (Recreation and Hisotoric Preservation) আঞ্চলিক কর্মীরা ঝড়ের পর্যবেক্ষণ করছেন এবং প্রয়োজন মতো সহায়তা করতে প্রস্তুত। জরুরী প্রতিক্রিয়া সরঞ্জাম তৈরি এবং অপারেশন জন্য প্রস্তুত করা হবে এবং কর্মীরা সারা দিন অবস্থার পর্যবেক্ষণ করবেন।

নিরাপত্তা পরামর্শ

নিরাপদ ড্রাইভিং এর কিছু সবচেয়ে গুরুত্বপূর্ণ পরামর্শগুলির অন্তর্ভুক্ত হল:

- যখন শীতকালীন ঝড় আঘাত হানে, তখন প্রয়োজন না হলে ড্রাইভ করবেন না।

- সেতুগুলোয় সাবধানতা অবলম্বন করুন যেহেতু বরফ সেখানে রাস্তার চেয়ে দ্রুত জমাট বাঁধে।
- ভেজা পাতা রাস্তাকে পিচ্ছিল করতে পারে, তাই যখনই সামনে তাদের একটা স্তূপ আসবে, তখন আরো ধীর গতিতে গাড়ি চালানো গুরুত্বপূর্ণ।
- আপনার ভ্রমণ আবশ্যিক হলে, নিশ্চিত করুন যে আপনার গাড়িতে কম্বল, বেলচা, ফ্ল্যাশলাইট ও অতিরিক্ত ব্যাটারি, অতিরিক্ত গরম কাপড়, এক জোড়া টায়ার চেন, ব্যাটারি বুস্টার তার, সহজে শক্তি প্রদানকারী খাবার এবং ডিসট্রেস ফ্ল্যাগ হিসেবে ব্যবহার করতে উজ্জ্বল রঙের কাপড়-জাতীয় টিকে থাকার সরঞ্জামাদি থাকে।
- আপনার ব্যবহার উপযোগী সেল ফোন বা অন্যান্য যোগাযোগ যন্ত্র যেমন টু-ওয়ে রেডিও থাকলে, সেগুলোর ব্যাটারি চার্জ দিয়ে রাখুন এবং ভ্রমণ করার সময় এটি আপনার সাথেই রাখুন। আপনি যদি কোথাও আটকা পড়েন, আপনি সাহায্যের জন্য ফোন করতে পারবেন, উদ্ধারকারীকে আপনার অবস্থান সম্পর্কে জানাতে পারবেন।

শীতকালীন ঝড়ের সময়ে সবচেয়ে বেশি মৃত্যু ও আঘাতের কারণ হল পরিবহন দুর্ঘটনা। গাড়ি চালানো শুরু করার আগে, আপনার গাড়ি যাতে বরফ ও তুষারমুক্ত থাকে তা নিশ্চিত করুন; ভালো দৃষ্টিশক্তি ভালো গাড়ি চালানোর চাবিকাঠি। কোথায় কোথায় থামবেন তার পরিকল্পনা করে নিন এবং দুই গাড়ির মধ্যে দূরত্ব বজায় রাখুন। অতিরিক্ত সতর্ক থাকুন এবং মনে রাখবেন যে বাতাসে থাকা তুষারের কারণে ছোট শিশুদের দেখা নাও যেতে পারে। সবসময় রাস্তা ও আবহাওয়ার পরিস্থিতির সাথে মিলিয়ে আপনার গতি ঠিক করুন।

সকল সড়কের মোটরচালকদের জন্য এটি জানা গুরুত্বপূর্ণ যে স্লো প্লাও ঘন্টায় 35 মাইল পর্যন্ত গতিবেগে চলে, যা অনেক ক্ষেত্রেই লিখিত গতি সীমার থেকে কম, সুনিশ্চিত করতে যে ছড়িয়ে লবণ ড্রাইভিং লেনে থাকে ও রাস্তায় ছড়িয়ে না পড়ে। বারংবার ইন্টারস্টেট হাইওয়েতে, তুষার-অপসারণ-যন্ত্র পাশাপাশি কাজ করে, যেহেতু অনেকগুলো লেন একসাথে পরিচ্ছন্ন করার এটা সবচেয়ে কার্যকর ও নিরাপদ উপায়।

এছাড়াও গাড়িচালক ও পথচারীদের এটা মাথায় রাখা উচিৎ যে তুষার-অপসারণ-যন্ত্র ড্রাইভারদের দৃষ্টিসীমা সীমিত থাকে, এবং যন্ত্রগুলোর আকার ও ওজন বেশি হওয়ায় এগুলো দ্রুত গতিপথ পরিবর্তন ও থামানো কষ্টসাধ্য। তুষার-অপসারণ-যন্ত্রের পেছন থেকে বরফ ওড়ানো এর চালকদের দৃষ্টিশক্তি মারাত্মকভাবে হ্রাস করতে বা হোয়াইটআউট অবস্থার কারণ ঘটাতে পারে। গাড়িচালকদের তুষার-অপসারণ-যন্ত্রকে পাশ কাটিয়ে যাওয়ার চেষ্টা করা বা পেছন-পেছন যাওয়া অথবা খুব কাছাকাছি যাওয়া উচিৎ নয়। গাড়িচালকদের জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হল তুষার-অপসারণ-যন্ত্রের বেশ খানিকটা পেছনে থেকে চালানো কারণ সেখানে রাস্তা পরিষ্কার ও লবণাক্ত থাকে।

সম্ভাব্য লোডশেডিং মোকাবেলায়, নিউ ইয়র্ক-এর অধিবাসীদের যা করা উচিত:

- জরুরি ফোন নম্বরগুলোর একটি তালিকা হাতের কাছ রাখুন।

- বাসায় বা কর্মস্থলে, ব্যাটারি-চালিত একটি রেডিও ও ফ্ল্যাশলাইট, এবং অতিরিক্ত ব্যাটারি সাথে রাখুন। পানি, ঔষধ, ও শুকনো খাবারের জরুরি সরবরাহ মজুদ রাখুন। আপনি যদি রেফ্রিজারেটরে রাখতে হয় এমন কোনো ঔষধ সেবন করেন, জেনে রাখুন যে বেশিরভাগ ঔষধ কয়েক ঘন্টার জন্য বন্ধ রেফ্রিজারেটরে রাখা যায় – আপনার ডাক্তার বা ফার্মাসিস্টের সাথে পরামর্শ করুন।
- নিশ্চিত করুন যে আপনার ফোন বা চার্জ দিতে হয় এরূপ যন্ত্র চার্জের বিকল্প ব্যবস্থা রয়েছে। মোবাইল ফোন ও ব্যাটারি-চালিত যেকোনো যন্ত্র চার্জ দিন।
- আপনার রেফ্রিজারেটর বা ফ্রিজারে জায়গা থাকলে, প্লাস্টিকের বোতলে রাখার সময় এক ইঞ্চি সমপরিমাণ জায়গা খালি রেখে বোতল ভর্তি করুন – এর ফলে বিদুৎ চলে গেলেও খাবার ঠাণ্ডা থাকে।
- আপনার গ্যারেজের দরজা যদি বৈদ্যুতিকভাবে খুলতে হয়, তাহলে ম্যানুয়ালি খোলার স্থানটি শনাক্ত করে রাখুন ও কিভাবে সেটি খুলতে হয় জেনে নিন।
- আপনার গাড়ির গ্যাসের ট্যাংক কমপক্ষে অর্ধেক ভরে রাখুন; গ্যাস স্টেশনগুলো পাম্প চালানোর জন্য বিদ্যুতের উপর নির্ভরশীল। আপনি যদি যন্ত্র চার্জ দেওয়ার কাজে গাড়ি ব্যবহার করেন, সেক্ষেত্রে গ্যারেজে গাড়ি চালু রাখবেন না, গাড়িটি আংশিক বদ্ধ স্থানে, বা বাসার কাছাকাছি রাখবেন না – এতে কার্বন মনোঅক্সাইড বিষক্রিয়া তৈরি হতে পারে।
- ক্যাম্প স্টোভ বা আউটডোর গ্রিলের মতো বিকল্প রান্নার ব্যবস্থা করে রাখুন। বাসার বাইরে এর ব্যবহারের যথাযথ নিরাপত্তা নিয়মাবলী অনুসরণ করুন।
- আপনি বাসায় কোনো জেনারেটর লাগানোর চিন্তা করে থাকলে, সেটি কেনার বা প্রতিস্থাপনের পূর্বে একজন বিদ্যুৎ মিস্ত্রি বা প্রকৌশলীর পরামর্শ নিন।
- উষ্ণতার জন্য হাতের কাছে বাড়তি কম্বল, কোট, হ্যাট, ও হাতমোজা রাখুন।
- আপনার কম্পিউটার থাকলে, ফাইল ও অপারেটিং সিস্টেম নিয়মিত ব্যাক আপ রাখুন। অব্যবহৃত অবস্থায় সব কম্পিউটার, মনিটর, ও অন্যান্য যন্ত্রপাতি বন্ধ করে রাখুন।
- আপনি মেডিকেল উপকরণ জাতীয় ব্যাটারি-চালিত বা বিদ্যুৎ-চালিত কিছুর উপর নির্ভরশীল হলে, বিকল্প চিন্তা করে রাখুন। যেমন, আপনার টেলিফোনের জন্য যদি বিদ্যুৎ সংযোগ আবশ্যক হয়, সেক্ষেত্রে একটি প্রমিত টেলিফোন হ্যান্ডসেট, মোবাইল ফোন, বা রেডিওর মতো বিকল্প যোগাযোগের ব্যবস্থা করে রাখুন।
- স্টেটের অথবা স্থানীয় ওয়েবসাইটে গিয়ে আপনার এলাকার জরুরি পরিকল্পনা সম্পর্কে জেনে নিন, যেমন- নিকটস্থ শীতল ও উষ্ণ আশ্রয়কেন্দ্রের অবস্থান।

বিদ্যুৎ চলে গেলে, নিউ ইয়র্কের অধিবাসীদের উচিত:

- বিদ্যুৎ-চালিত গুরুত্বপূর্ণ যন্ত্রপাতি ও অন্যান্য উপকরণ বন্ধ করে রাখুন বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে দিন, যেমন- কম্পিউটার, কারণ বিদ্যুৎ সরবরাহ সাময়িক বেড়ে গেলে তা আপনার যন্ত্রকে নষ্ট করে দিতে পারে। একটি বাতির সুইচ চালু করে রাখুন যাতে বিদ্যুৎ ফিরে আসলে আপনি জানতে পারেন। যখনই বৈদ্যুতিক উপকরণ ব্যবহার করবেন, বিদ্যুৎ সার্জ প্রটেক্টর ব্যবহার করুন।

- বিদ্যুৎ চলে গেলে সেবা সংস্থাকে ফোন করুন এবং অফিসিয়াল তথ্যের জন্য স্থানীয় বেতার সম্প্রচার শুনুন। নিউ ইয়র্ক স্টেট-র ইউটিলিটি তালিকার জন্য নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব পাবলিক সার্ভিস (New York State Department of Public Service)-এর ওয়েবসাইট পরিদর্শন করুন আপনার প্রতিবেশীর বিদ্যুৎ রয়েছে কিনা তা জানতে পরীক্ষা করুন। যোগাযোগ সহায়তা ও ফাংশনাল সহায়তা প্রয়োজন এমন ব্যক্তিদের খোঁজ নিন।
- জরুরি আলো জ্বালানোর জন্য কেবল ফ্ল্যাশলাইট ব্যবহার করুন – মোমবাতি থেকে আগুন লাগার ঝুঁকি রয়েছে।
- রেফ্রিজারেটর ও ফ্রিজারের দরজা বন্ধ রাখুন – রেফ্রিজারেশন প্রয়োজন এমন বেশিরভাগ খাবার রেফ্রিজারেটরের দরজা বন্ধ অবস্থায় কয়েক ঘন্টা নিরাপদ থাকে। দরজা বন্ধ অবস্থায় রেফ্রিজারেটর কমপক্ষে চার (4) ঘন্টা খাবার ঠাণ্ডা রাখে। একটি পূর্ণাঙ্গ ফ্রিজার প্রায় 48 ঘন্টার জন্য তাপমাত্রা ধরে রাখবে।
- ঘর গরম করার জন্য কয়লার গ্রিল ইনডোর এবং গ্যাস স্টোভ ব্যবহার করবেন না – এগুলো থেকে ক্ষতিকর মাত্রার কার্বন মনোঅক্সাইড ছড়াতে পারে।
- ঠাণ্ডা আবহাওয়ায়, কয়েক স্তরের জামা পরে এবং বাইরে কম সময় কাটানোর মাধ্যমে উষ্ণ থাকুন। ঠাণ্ডা-বাহিত বিভিন্ন উপসর্গ (যেমন, হাইপোথার্মিয়া) সম্পর্কে সচেতন থাকুন এবং এ ধরনের কোনো উপসর্গ দেখা গেলে ডাক্তার দেখান।
- আপনি কোনো উঁচু ভবনে থাকলে, সিড়ি বেয়ে ভবনের সবচেয়ে নিচের তলায় নেমে যান। এলিভেটরে আটকে গেলে, সহায়তার জন্য অপেক্ষা করুন। জোর করে দরজা খোলার চেষ্টা করবেন না। ধৈর্য ধরুন – এলিভেটরে প্রচুর বাতাস থাকে এবং এর ভেতরটা ব্যবহারকারির নিরাপত্তার কথা মাথায় রেখে তৈরি।
- আপনার পোষা প্রাণীকে সতেজ, ঠাণ্ডা পানি খাওয়াতে ভুলবেন না।
- অপ্রয়োজনীয় ভ্রমণ বাতিল করুন, বিশেষ করে গাড়িতে চড়ে। বিদ্যুৎ চলে গেলে ট্রাফিক বাতি কাজ করবে না, ফলে রাস্তায় জ্যাম লেগে যেতে পারে এবং গাড়ি চলাচলে বিপজ্জনক পরিস্থিতি তৈরি হতে পারে। লোডশেডিং অবস্থায় আপনাকে যদি গাড়ি চালাতেই হয়, তাহলে ট্রাফিক সিগনাল অকেজো থাকা সংযোগ সড়কগুলোতে 4-মুখী থামার নিয়মটি মেনে চলবেন।
- মনে রাখবেন যে ব্যাংকের এটিএম (ATMs) মেশিন ও এলিভেটর কাজ নাও করতে পারে।
- দীর্ঘ সময়ের জন্য বিদ্যুৎ না থাকলে, অন্য আরেকটি স্থানে যাওয়ার পরিকল্পনা করুন, যেমন- কোনো আত্মীয় বা বন্ধুর বাসা, অথবা উষ্ণতার বন্দোবস্ত রয়েছে এমন কোনো সরকারি ভবন।

আবহাওয়া পরিভাষার পূর্ণাঙ্গ তালিকা ও বিদ্যুৎবিভ্রাটের পূর্বে, বিদ্যুৎবিভ্রাট চলাকালীন ও পরবর্তীতে প্রস্তুতি সংক্রান্ত ধারণার জন্য, হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ-এর ওয়েবসাইটটি পরিদর্শন করুন http://www.dhses.ny.gov/oem/safety-info/outage/।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন